104

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

# অনার্স কোর্স ॥ ঢাকা ভার্সিটিতে ১০ ভাগ আসন বৃদ্ধির সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় চলতি শিক্ষা-বর্ষ হইতে অনার্স প্রথম বর্ষে শতকরা ১০ ভাগ আসন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়াছে। ফলে পূর্বের ৩ হাজার ৭ শত ৩৭টি ভর্তি আসনের স্থলে চলতি ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে ৪ হাজার ১ শত ১১টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে।

গতকাল (বৃহস্পতিবার) ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## অনার্স কোর্স

(১ম পৃঃ পর)

বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সহিত এক বৈঠকে এই তথ্য প্রকাশ করেন। শ্রেণীকক্ষ, গবেষণাগারসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক ও আবাসিক সীমাবদ্ধতার কথা উল্লেখ করিয়া এবং অনার্স ও প্রিলিমিনারীর আসন সংখ্যায় সমতা আনয়নের লক্ষ্যে ভিসি প্রিলিমিনারীর আসন সংখ্যা শতকরা ১০ ভাগ হ্রাসের প্রস্তাব করিলে ছাত্র নেতারা প্রস্তাবটির তীব্র বিরোধিতা করেন। বৈঠকে ভিসি জানান, সেশনজট নিরসনকল্পে আগামী জুন মাসের মধ্যে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের চেষ্টা করা হইবে এবং অনার্সে ভর্তি প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা হইবে। জুন মাসের শেষ অথবা জুলাইয়ের প্রথম সপ্তাহে প্রিলিমিনারীতে ভর্তি প্রক্রিয়া শুরুর ব্যাপারে প্রচেষ্টা চলিতেছে বলিয়া তিনি জানান। ছাত্র নেতৃবৃন্দ বৈঠকে ভিসিকে আশ্বাস দেন যে, এখন হইতে সকল পরীক্ষা ছাত্র ধর্মঘটের আওতামুক্ত থাকিবে।

ভিসি কার্যালয়ে গতকাল দুপুরে অনুষ্ঠিত এই বৈঠকে ছাত্র নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন: ছাত্র দলের সাধারণ সম্পাদক ডাকসু এজিএস নাজিমউদ্দিন আলম, বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক মনির হোসেন, ছাত্র লীগের (শা-পা) বাহাদুর বেপারী ও আবদুল ওয়াদুদ খোকন, ছাত্র লীগের (কা-চু) আবদুল্লাহিল কাইয়ুম, ওবায়দুর রহমান চুন্নু প্রমুখ।

ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠার লক্ষ্যে ছাত্র নেতৃবৃন্দের সহযোগিতা কামনা [illegible] ভিসি ছাত্র নেতৃবৃন্দের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে বছরের কোন সুবিধাজনক সময়ে প্রতিটি ছাত্রসংগঠনের দুই জন [illegible] প্রতিনিধির সমন্বয়ে গঠিত [illegible] টিম সার্কদেশসমূহে ভ্রমণের প্রস্তাব রাখেন। বৈঠকে প্রক্টর ডঃ নজরুল ইসলাম উপস্থিত ছিলেন।